

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ী, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নং- ১২.১০.০০০০.০০৪.১৬.০১১.১৯/২৬৫ (৭৯)



বরাবর
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা (সকল)

বিষয়ঃ বৃষ্টিপাতের আগাম পূর্বাভাস।

সূত্র: কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প, ডিএই, খামারবাড়ী, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ৪-৫ই মার্চ-২০১৯ খ্রি: তারিখ দেশের সর্বত্র আকাশ আংশিক মেঘলাসহ হালকা থেকে মাঝারি ধরনের ভারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প, ডিএই, খামারবাড়ী, ঢাকা থেকে প্রাপ্ত লিকলেটটি সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে- ০২ (দুই) পাতা।


(ড. মোঃ আবদুল মুদ্বিদ)
পরিচালক
ফোনঃ ৯১৩৪৫৮৭


সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল (সকল)
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী অঞ্চল, খামারবাড়ী, রাজশাহী।
www.dae.rajshaidiv.gov.bd


স্মারকনং- ১২.১৬.৮১০০.০৪১.১৬.৮৮৩.১৫.৪৫৩ (৪)


কার্যার্থে অনুলিপিঃ

- ১। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী/ নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ। পত্রের মর্মানুযায়ী আপনার জেলাধীন উপজেলাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী


তারিখ- ৫/০৩/২০১৯ খ্রি.


(এস এম মোস্তাফিজুর রহমান)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০৭২১-৭৬১৪৪৮
E-mail: adrajshahi@dae.gov.bd


০৩/০৩/১৯

আগামী ৪ ও ৫ই মার্চ (২০-২১ ফাল্গুন) তারিখের জন্য বিশেষ কৃষি বার্তা

বাংলাদেশের ৮ টি বিভাগের (রাজশাহী, রংপুর, ঢাকা, খুলনা, বরিশাল, সিলেট, চট্টগ্রাম এবং ময়মনসিংহ) এবং ৬৪ টি জেলার জন্য বিশেষ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ (০৩/০৩/২০১৯খ্রি):



আগামী ২/৩ দিন (৪ ও ৫ই মার্চ) দেশের সর্বত্র আকাশ আংশিক মেঘলাসহ হালকা থেকে মাঝারি ধরনের ভারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে করণীয়:

আলু:

বর্তমানে আলু সংগ্রহ পর্যায়ে আছে

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
- আকাশ আংশিক মেঘলাসহ হালকা থেকে মাঝারি ধরনের ভারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই আপাতত: ঐ সময় আলু সংগ্রহ বন্ধ রেখে বৃষ্টি শেষ হওয়ার পর পরিষ্কার এবং রৌদ্রক্সল আবহাওয়ায় আলু সংগ্রহের পরামর্শ দেয়া হলো। বিদ্যমান আবহাওয়ায় আলু ক্ষেতে নাবিধবসা রোগের আক্রমণ হতে পারে। বৃষ্টি শেষ হওয়ার পর ম্যানকোজেব গ্রুপের ছত্রাক নাশক স্প্রে করে দমনের ব্যবস্থা নিতে হবে।

বোরো ধান:

রিকভারি থেকে কুশি পর্যায়

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।

- যেহেতু বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাই সেচ, সার এবং কীটনাশক প্রয়োগ আপাতত: বন্ধ রাখতে হবে। বৃষ্টি শেষ হওয়ার পর সেচ, সার এবং কীটনাশক প্রয়োগের পরামর্শ দেয়া হলো।

সরিষা :

ফসল এখন পরিপক্ব থেকে কর্তন শুরু

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
- বৃষ্টি শেষ হওয়ার পর সরিষা ৮০% পরিপক্ব হলে কেটে ফেলার পরামর্শ দেয়া হলো।

মসুর/ছোলা:

এখন মাঠে মসুর/ছোলা গুটি গঠন পর্যায়ে আছে

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
- বিদ্যমান আবহাওয়াতে ছত্রাক রোগের বিস্তার ঘটতে পারে। এমতাবস্থায় ছত্রাকজনিত রোগ প্রতিরোধের জন্য ইপ্রোডিওন গ্রুপের ছত্রাকনাশক বৃষ্টি শেষ হওয়ার পর প্রয়োগ করতে হবে।

ভুট্টা:

ভুট্টা এখন বাড়ন্ত থেকে সিল্কী পর্যায়ে

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
- তাই বৃষ্টি শেষ হওয়ার পর সার এবং কীটনাশক প্রয়োগের পরামর্শ দেয়া হলো।

গম:

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
- গমের ব্লাস্ট রোগের আক্রমণের সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে রোগ নিয়ন্ত্রণের জন্য নাটিভো গ্রুপের ছত্রাকনাশক স্প্রে করতে হবে। প্রতি ৫ শতাংশ জমিতে ৬ গ্রাম নাটিভো ৭৫ গ্রাম ডব্লিউজি (টেবুকোনালজল ৫০%+ ট্রাইফ্লুরিড্রিভিন ২৫%) অথবা ১০মিলি এমিষ্টার টপ ৩২৫ এসপি(এজিসিট্রিভিন ২০%+ ডাইফেনোকোনাজল ১২.৫%) ১০লিটার পানির সাথে মিশিয়ে স্প্রে করতে হবে।

প্রচারে: কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সহযোগিতায়: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর